আজ বিএনপির মনোনয়ন চুড়ান্ত পূর্ব খুলনা বিভাগের শেষ মিটিং

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন যতই এগিয়ে আসছে রাজনৈতিক দলগুলোর পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও আলোচনা, তর্ক বিতর্ক বেড়ে চলেছে। এর সঙ্গে যুক্ত হয়েছে সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম। আজ এক নেতার অনুসারী ‘আলহামদুল্লিাহ’ স্ট্যাটাস দিচ্ছেন তো কাল আরেক নেতা পাল্টা ‘আলহামদুলিল্লাহ’ লিখে মাঠ সরগরম করে রাখছেন। কেউ লিখছেন, ‘দেখা হবে বিজয়ে’ তো কেউ লিখছেন ‘পথ দেখাবে যোগ্য নেতা’। এ ধরণের নানান উপমা, বিশেষণে সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম ফেসবুক সরগরম হয়ে থাকছে। এর মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ফোন কলে আরও সরগরম হয়ে উঠেছে নির্বাচনী মাঠ। সবমিলিয়ে কে হবেন বিএনপির কাণ্ডারি তা হয়তো সপ্তাহখানেকের মধ্যে দলটি নিশ্চিত করবেন।

আজ সোমবার শেষবারের মত খুলনা বিভাগের মনোনয়ন প্রত্যাশীদের নিয়ে মিটিংয়ে বসবেন দলটির শীর্ষ নেতারা। তারেক রহমান ভার্চুয়ালি সভার নেতৃত্ব দেবেন বলেও জানা গেছে। তবে যারা ডাক পেয়েছেন তারা সকলেই আশাবাদি । দলকে ঐক্যবদ্ধভাবে নির্বাচনে মাঠে কাজ করার আহবান জানানোয় হতে পারে আজকের মিটিংয়ের মূল সারমর্ম।

দলের নির্ভযোগ্য সূত্রে জানা গেছে, মেহেরপুরের দুটি আসন থেকে ৫ নেতাকে ডাকা হয়েছে এ মিটিংয়ে। বিকাল ৩ টার দিকে মিটিং শুরু হওয়ার কথা রয়েছে। তবে এই ৫ নেতার মধ্যেই দুই নেতার ভাগ্য খুলবে এটা মোটামোটি নিশ্চিত হওয়া গেছে।

মেহেরপুর -১ আসন থেকে যাদের ডাকা হয়েছে তারা হলেন- সাবেক সংসদ সদস্য ও জাতীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুন , জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান ও বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জাকির হোসেন। মেহেরপুর-২ আসন থেকে ডাকা হয়েছে সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

আজ সোমবার রাজধানীর গুলশানে বিএনপির দলীয় কার্যালয়ে খুলনা বিভাগীয় মনোনয়ন প্রত্যাশী নেতাদের নিয়ে বিএনপির ভারপ্রাপ্ত

চেয়ারম্যান তারেক রহমান ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন।

মেহেরপুর-১ আসন থেকে মিটিংয়ে ডাক পাওয়া এক নেতা জানিয়েছেন, কিছুদিন আগে মহাসচিব ডেকেছিলেন আসন প্রতি মনোনয়ন প্রত্যাশীদের। সেই ধারাবাহিকতায় এভার দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ডেকেছেন বিভাগওয়ারী সকল মনোনয়ন প্রত্যাশীকে। আজ সোমবার খুলনা বিভাগের সকল মনোনয়ন প্রত্যাশী নেতারা মিটিংয়ে উপস্থিত থাকবেন। মেহেরপুর
- ১ আসন থেকে গতবারের মত ৩ জন এবং মেহেরপুর-২ আসন থেকে ২ দুই জনকে ডাকা হয়েছে। মিটিং শেষে বোঝা যাবে কেন ডাকা হয়েছে। তবে আমার মনে হয়েছে মনোনয়ন যাকেই দেওয়া হবে তার হয়েই ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ আসতে পারে। মনোনয়ন কে পাবেন আমার মনেহয় তা চুড়ান্ত হয়েই গেছে তবে প্রকাশ হতে হয়তো সপ্তাহখানেক সময় লাগবে বলে জানিয়েছেন এই নেতা।

মেহেরপুরের রাধাকান্তপুরে বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৭নং ওয়ার্ডে বিএনপি’র ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকেলে রাধাকান্তপুর গ্রামে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ

মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ফরিদ হোসেন, ৭নং ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজাহান ও বিএনপি নেতা নাহিদ, আয়নাল সহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি ঝন্টু মালিথা নির্বাচিত

আলমডাঙ্গার বেলগাছী ইউনিয়ন বিএনপি’র নব্য নেতৃত্ব ঘোষণায় সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন ঝন্টু মালিথা।

আলমডাঙ্গা উপজেলার ৮ নম্বর বেলগাছী ইউনিয়নে সম্প্রতি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র পূর্ণাঙ্গ কমিটি পুনর্গঠনের উদ্দেশ্যে একটি সাধারণ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সভায় ইউনিয়নের ৯টি ওয়ার্ডের সভাপতি, সম্পাদকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন এবং সর্বসম্মতিক্রমে নতুন নেতৃত্ব ঘোষণা করা হয়।

সভায় মোঃ ঝন্টু মালিথাকে সিনিয়র সহ-সভাপতি, মোঃ ছমির মালিতাকে ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক এবং মোঃ জিন্নাহ জোয়াদ্দারকে ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন। সভাপতিত্ব করেন, বেলগাছী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ আমজাদ হোসেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সহ-সভাপতি আব্দুস সালাম মাস্টার, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ বোরহান মেম্বার, সাধারণ সম্পাদক

কামাল হোসেন, দপ্তর সম্পাদক বকুল হোসেন, কৃষক দলের সভাপতি মোহাম্মদ বজলুর রহমান, ছাত্র দলের সহ-সভাপতি মোঃ হাবিবুর রহমান, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোহাম্মদ আশরাফুল ইসলামসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়া উপস্থিত ছিলেন, বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম, উপজেলা বিএনপি’র সদস্য তপু রায়হান, যুবদলের সদস্য মমিন মালিতা, এস এম বাপ্পি, জাহাঙ্গির, ইসলাম মালিতা, নূহুনবী, আনিসুর রহমান, ইদ্রিস মল্লিক, আতিয়ার মেম্বার, লিটন, দুর্জয় আহমেদ, মহিদুল, সাগির, হাসিবুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরের ৪নং ওয়ার্ডে মহিলা দলের উঠান বৈঠক

মেহেরপুরের ৪নং ওয়ার্ডে জাতীয়তাবাদী মহিলা দলের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে ৪নং ওয়ার্ডের শেখপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ উঠান বৈঠকের আয়োজন করা হয়।

জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর জেলা শাখার সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, ১৭ বছর আপনাদের প্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া তার প্রিয় মার্কা ধানের শীষে ভোট দেওয়ার সুযোগ পাননি। বারবার আমরা চেষ্টা করেছি যেন দিনের আলোতে ভোট হয় যেখানে ভোটকেন্দ্রে কোনো মাস্তান থাকবে না, আমি নিরাপদে গিয়ে আমার পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারব এবং আমার অধিকার আদায় করতে পারব। কিন্তু সেই সুযোগ কি আমরা ১৭ বছরে পেয়েছি? কখনোই পাইনি। পাইনি বলেই ১৭ বছর আমরা লড়াই করেছি,

সংগ্রাম করেছি তারেক রহমানের নির্দেশে, বিএনপির নেতৃত্বে।

এই বিএনপি এখানকার সবচেয়ে প্রিয় সংগঠন আমরা জানি, কারণ ২০০১ সালে আপনারা আমাকে ভোট দিয়ে এমপি নির্বাচিত করেছিলেন। এখানকার অনেক মা-বোন আছেন যারা আমার বাবাকেও ভোট দিয়ে এমপি বানিয়েছিলেন। আমরা ১৭ বছর সেই সুযোগ পাইনি আমরা রাজপথে ছিলাম, বেগম খালেদা জিয়ার নেতৃত্বে সংগ্রামে ছিলাম, তারেক রহমানের নেতৃত্বে রাজপথে সংগ্রামে ছিলাম।

তিনি আরও বলেন, শেখ হাসিনা ক্ষমতায় এসে আপনাদের প্রিয় নেত্রী বেগম খালেদা জিয়াকে ঘর থেকে বের করে দিলেন, সেই বাড়ি ভেঙে দিলেন এবং মিথ্যা মামলায় বছরের পর বছর তাকে কারাগারে আটকে রাখলেন, এমনকি চিকিৎসার সুযোগও দেননি। আপনার ছোট ছেলে নির্বাচনের সময় প্রাণ হারিয়েছেন, আর বড় ছেলে আমাদের নেতা তারেক রহমান ১৭ বছর ধরে বিদেশে বসে দল পরিচালনা করছেন। এবার জনগণের অধিকার ফিরিয়ে আনার সময় এসেছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা, গর্ভকালীন ভাতা, প্রতিবন্ধী ভাতা, গরিব মানুষের চাল, পরিবার কার্ড সবকিছু সবার জন্য নিশ্চিত করা হবে।

বিশেষ অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন হবে। দীর্ঘ ১৬ বছর আপনারা নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারেননি। জাতীয় সংসদ, পৌরসভা, ইউনিয়ন সব জায়গায় তৎকালীন আওয়ামী লীগ সরকার জোর-জুলুম করে তাদের নেতাদের বসিয়েছে। আমরা ১৬ বছর শেখ হাসিনার দুঃশাসনের বিরুদ্ধে, আওয়ামী লীগের নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে মেহেরপুরে মাসুদ অরুনের নেতৃত্বে লড়াই করেছি।

আমরা অনেকেই জেল খেটেছি, অনেক মা-বোন কারাদণ্ড ভোগ করেছেন কারো দুই বছর, কারো এক বছর, ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে। শত জুলুম-নির্যাতন উপেক্ষা করে আমরা রাজপথে লড়াই করেছি, এবং গত বছর জুলাই-আগস্ট মাসে এক রক্তাক্ত আন্দোলনের মধ্য দিয়ে আমরা বিজয় অর্জন করেছি।

বলা হয়, বাংলাদেশের মালিক জনগণ। কিন্তু এই জনগণ যারা দিন আনে দিন খায় তারা বছরের পর বছর ভোটাধিকার ও মৌলিক অধিকার থেকে বঞ্চিত। রাষ্ট্রের সেবা থেকেও বঞ্চিত হয়েছে। অথচ দেশের মালিক হয়ে গেছে কিছু কালো টাকার মালিক, কিছু সন্ত্রাসী, এবং আগেকার দিনের তথাকথিত এমপিরা।

এছাড়াও এসময় জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লি, কল্পনা, শেফালী, তানিয়া, লিনা, মারিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি মজিবর রহমান আর নেই

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি মজিবর রহমান মৃত্যুবরণ করেছেন (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

জানা গেছে, আলমডাঙ্গা গোবিন্দপুর নিবাসী বিশিষ্ট ইটভাটা মালিক, হার্ডওয়্যার ব্যবসায়ী ও সাবেক আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সভাপতি মজিবর রহমান আজ শুক্রবার সকাল ৭ টা ৩০ মিনিটে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর। তার এক ছেলে (সোহাগ) ও এক মেয়ে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে এলাকায় শোকের ছায়া নেমে আসে। তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বাংলাদেশ বিএনপি’র কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু। তাকে একনজর দেখার জন্য দলে দলে লোকজন, শুভাকাঙ্ক্ষী, আত্মীয়স্বজনেরা ছুটে আসেন।

তার মৃত্যুতে শোকাভিভূত হৃদয়ে শোকপ্রকাশ করেছেন আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু মিঞা, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আকতার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুল হক পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওলটু, সাহিত্য পরিষদের সভাপতি ওমোর আলি মাষ্টার, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক রহমান মুকুল, ফিরোজ ইফতেখার প্রমুখ।

আজ শুক্রবার বাদ আসর জানাজা শেষে দাফনকাজ সম্পন্ন হবে গোবিন্দপুর জান্নাতুল বাকী কবরস্থানে। মজিবর রহমানের আত্মার মাগফিরাত ও দোয়া কামনা করেছেন তার পরিবার ও আত্মীয়স্বজন।

মুজিবনগরে বিএনপির লিফলেট বিতরণ, মিছিল ও গণসংযোগ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ৩১ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে লিফলেট বিতরণ, গণসংযোগ ও মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি।

বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর হাসপাতাল বাজারের সামনে থেকে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি মুজিবনগর বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কেদারগঞ্জ বাজারে গিয়ে শেষ হয়।

এ সময় গণসংযোগের পাশাপাশি সর্বসাধারণের মাঝে লিফলেট বিতরণ করা হয়। লিফলেট বিতরণ, মিছিল ও গণসংযোগে মুজিবনগর উপজেলা বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি দীর্ঘ ১৭ বছর ধরে লড়াই-সংগ্রাম করে আসছে। আমাদের নেতাকর্মীরা নির্যাতন-নিপীড়নের শিকার হয়েছে। এখন এমন একটি নির্বাচন দিতে হবে, যেখানে প্রশাসন দলীয়করণমুক্ত থাকবে এবং কোনোভাবেই নির্বাচন প্রভাবিত হবে না।

মুজিবনগর উপজেলা বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

আসন্ন নির্বাচন উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুুতি সভা করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ বুধবার বিকাল ৪ টায় মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলামের সভাপতিত্বে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক কামরুল হাসান ।

প্রস্তুতি সভায় আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা বিএনপি’র সাবেক নির্বাচন কমিশনার, এ্যাড. নজরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবীর, সাধারন সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপি’র নেতাকর্মী বৃন্দসহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের দারিয়াপুরে বিএনপির গণসংযোগ ও পথযাত্রা

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও পথযাত্রা করেছে মুজিবনগর উপজেলা ও দারিয়াপুর ইউনিয়ন বিএনপি।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও (সাবেক) সংসদ সদস্য জাতীয়তাবাদী দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ধানের শীষের পক্ষে এ গণসংযোগ করা হয়। দারিয়াপুর ইউনিয়ন বিএনপি অফিসের সামনে থেকে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মোনাখালী খেলার মাঠে গিয়ে পদযাত্রা শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান। জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক আজিম উদ্দিন গাজী, উপজেলা সেচ্ছসেবক দলের আহ্বায়ক জুলফিক্কার আলী (ভুট্ট মেম্বার) সহ উক্ত গণসংযোগে উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি’র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপি’র গণসংযোগ ও পথসভা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুরে গণসংযোগ ও পথসভা করেছে বিএনপি। গতকাল সোমবার বিকেলে সদর উপজেলার মনোহরপুর গ্রামে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের নেতৃত্বে গণসংযোগ ও পথসভা করা হয়।

উজুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে একটি মিছিল বের হয়ে মনোহরপুর গ্রামের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এর আগে সেখানে পথসভা করা হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

তিনি বলেন, মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। প্রয়োজনে আবারো করবে। এ দেশ শহীদ জিয়া পরিবারের হাতেই নিরাপদ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান প্রমুখ।

স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি’র বিকল্প নাই

আলমডাঙ্গায় নির্বাচনী প্রচার প্রচারণার অংশ হিসেবে পথসভায় উপস্তিত হলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।

আলমডাঙ্গা পৌরসভার হাজী মোড় ঘুরে চারতলার মোড় হয়ে আল তায়েবা মোড় থেকে আলিফ উদ্দিন রোড় শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্য বক্তব্য দেন। তিনি তার বক্তব্যে বলেন, বাংলার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিএনপি সরকারের কোন বিকল্প নেই। জনগণের পাশে থেকে নির্বাচন করতে হবে। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে গড়া দল বিএনপি’র পতাকা তলে সকলকে ঐক্যবদ্ধ করে ভোটে বিজয় ছিনিয়ে এনে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের হাত কে শক্তিশালী করতে হবে।

নির্বাচনী প্রচারণা ও পথসভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র